সংবাদ

তারিখ 04 DEC 2017
পৃষ্ঠা ১ কলাম ৫




## ডাকসু নির্বাচনের দাবিতে অনশন

নিজস্ব বার্তা পরিবেশক

ডাকসুর নির্বাচনের দাবিতে অনশনে শিক্ষার্থী ওয়ালিদ। তার দাবির প্রতি সমর্থন জানিয়ে গতকাল মোমবাতি প্রজ্বলন করেন বাম সংগঠনের নেতা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডাকসু : পৃষ্ঠা : ১৫ ক : ১

## ডাকসু : নির্বাচনের

(১ম পৃষ্ঠার পর)

শিক্ষার্থী ও বিভিন্ন ছাত্রসংগঠনের কর্মীরা। তবে আদালতের নির্দেশনা থাকা সত্ত্বেও বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসনের কেউই দাবি মানা না মানা নিয়ে কিছু বলছেন না।

গত ২৬ নভেম্বর শনিবার থেকে এখন পর্যন্ত বিরামহীন অনশন করছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সন্ধ্যাকালীন স্নাতকোত্তর কোর্সের এই ছাত্র। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের পাশে 'স্মৃতি চিরন্তন' চত্বরে অনশন করছেন ওয়ালিদ। কেউ আসুক আর না আসুক, ওয়ালিদ আশরাফ অনশন চালিয়ে যাবেন বলে সাংবাদিকদের জানিয়েছেন। ওয়ালিদের এ দাবিকে সমর্থন জানাতে গতকাল বাম ছাত্রসংগঠনগুলোর জোট প্রগতিশীল ছাত্রজোট মোমবাতি জ্বালিয়ে একাত্মতা প্রকাশ করেছে। এই ছাত্রসংগঠনগুলোর নেতৃত্বে অনেক দিন ধরেই আন্দোলন করে আসছেন শিক্ষার্থীরা। গতকাল সকালের দিকে কেন্দ্রীয় ছাত্র ইউনিয়নের পক্ষ থেকে তাকে সমর্থন দিতে আসেন বিল্লাল হোসেন, বলাই পাল, শামীমসহ অনেকেই। তারা সেখানে বলেছেন, 'আমরা ওয়ালিদ ভাইয়ের সঙ্গে আছি এবং থাকব, যতক্ষণ পর্যন্ত এই দাবি মেনে নেয়া না হবে।'

সরেজমিনে গিয়ে দেখা যায়, ওয়ালিদের সঙ্গে বিভিন্ন বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা আসছেন দেখা করতে, তাকে সমর্থন জানাতে। ওয়ালিদের অনশনে তার সঙ্গে দেখা করতে এসেছিলেন ঢাকার বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র মোসলেহ উদ্দিন তরুণ। তিনি বলেন, ওয়ালিদ আশরাফের এই অটুট অনশনে ২৭ বছর বন্ধ থাকা ডাকসু নির্বাচন পুনরায় চালু হলে বাংলাদেশে নতুন নেতৃত্ব তৈরি হবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক রাদিয়া সুলতানা বলেন, যদি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডাকসু নির্বাচন হয়, তাহলে বাংলাদেশের যে ৩৮ পাবলিক বিশ্ববিদ্যালয় রয়েছে, সেখানেও নির্বাচন হবে। ফলে বাংলাদেশ একটি গন্তব্যে পৌঁছতে পারবে।

ব্যানবেইস
পরি...কের কার্যালয়
প্রাপ্তি নং
...স্টম ম্যানে...র
সিনি... সিস্টে... এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে